# বেসরকারী শিক্ষক কর্মচারীদের কর্মসূচী পালন

স্টাফ রিপোর্টার ॥ শিক্ষা জাতীয়করণ, বৈশাখী ভাতা, ৫ শতাংশ বেতন বৃদ্ধিসহ বিভিন্ন দাবিতে আন্দোলনে নেমেছেন বেসরকারী শিক্ষক-কর্মচারীরা। সোমবার বেশ কয়েকটি সংগঠনের পক্ষ থেকে পালন করা হয়েছে কর্মসূচী। পৃথক কর্মসূচীতে শিক্ষক নেতারা অবিলম্বে দাবি পূরণের জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। বিভিন্ন দাবি আদায়ে মানববন্ধন করেছেন স্বাধীনতা শিক্ষক পরিষদের (স্বাশিপ) নেতাকর্মীরা। জাতীয় প্রেসক্লাবের সামনে বিভিন্ন জেলা থেকে আগত পরিষদের শিক্ষক নেতারা এ মানববন্ধনে অংশ নেন। বেসরকারী শিক্ষকদের বৈশাখী ভাতা, ৫ শতাংশ বেতন বৃদ্ধি, পূর্ণাঙ্গ উৎসব ভাতা, আইসিটি শিক্ষক ও প্রতিষ্ঠান এমপিওভুক্তকরণ এবং শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণের দাবিতে এ মানববন্ধন পালন করেন স্বাশিপ নেতারা। মানববন্ধনে শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক শিক্ষক নেতা অধ্যক্ষ মোঃ শাহজাহান আলম সাজু বলেন, শিক্ষকদের মানুষ গড়ার হাতিয়ার বলা হলেও তাদের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে। শিক্ষকদের অধিকার থেকে বঞ্চিত করা হলে সরকারের ২০২১ এবং ২০৪১ বাস্তবায়ন করা সম্ভব নয়। অন্যথায় ক্লাস ছেড়ে রাস্তায় নামা ছাড়া আর কোন উপায় থাকবে না বলে হুঁশিয়ারি উচ্চারণ করেন তিনি। পরিষদের সভাপতি অধ্যাপক আব্দুল মান্নান চৌধুরীর সভাপতিত্বে মানববন্ধনে অন্যদের মধ্যে অধ্যাপক সাজিদুল ইসলাম, সাইদুর রহমান পান্না, হরিদাঁদ মন্ডল সুমন, আব্দুল্লাহ আল মামুন, একেএম ওবায়দুল্লাহ, মেহেরুন্নেছাসহ স্বাশিপের নেতাকর্মীরা বক্তব্য রাখেন। সংবাদ সম্মেলনে বাংলাদেশ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোঃ আবুল কাশেম ছাড়াও ছিলেন- সহ-সভাপতি রঞ্জিত কুমার সাহা, অধ্যক্ষ মোঃ বজলুর রহমান মিয়া, আলী আসগর হাওলাদার, যুগ্ম-সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোঃ কাওছার আলী শেখ, প্রচার ও প্রকাশনা সম্পাদক মনি হালদার, মহিলাবিষয়ক সম্পাদক বেগম নুরুন্নাহার, সংস্কৃতি সম্পাদক হেনা রানী রায় প্রমুখ।


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
পরিসংখ্যান বিভাগ
ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর